# দ্বীনিয়াত শিক্ষা

## (প্রথম ভাগ)

গবেষণা বিভাগ

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

**প্রকাশক**

**হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ**
নওদাপাড়া, রাজশাহী-৬২০৩
হাফাবা প্রকাশনা-৮৭
ফোন ও ফ্যাক্স : ০২৪৭-৮৬০৮৬১
মোবাইল : ০১৮৩৫-৪২৩৪১০, ০১৭৭০৮০০৯০০ ।

**الدينيات (الجزء الأول)**
**تأليف : قسم البحوث**
الناشر : حديث فاؤنديشن بنغلاديش
(مؤسسة الحديث للطباعة والنشر)

**১ম প্রকাশ :** জানুয়ারী ২০১৯ খ্রি.
**২য় সংস্করণ :** ডিসেম্বর ২০২১ খ্রি.

**॥ সর্বস্বত্ব প্রকাশকের ॥**

**কম্পোজ**
হাদীছ ফাউণ্ডেশন কম্পিউটার্স

**মুদ্রণ**
হাদীছ ফাউণ্ডেশন প্রেস
নওদাপাড়া, রাজশাহী

**নির্ধারিত মূল্য**
৩৫ (পঁয়ত্রিশ) টাকা মাত্র

---

**Deeniyat Shikkha (First Part)** compiled by **Department of Research**. Published by : **HADEETH FOUNDATION BANGLADESH**. Nawdapara, Rajshahi, Bangladesh. Ph & Fax : 88-0247-860861. Mob: 01835-423410, 01770800900. E-mail : tahreek@ymail.com. Web : www. hadeethfoundationbd.com, www.hfeb.net.

# সূচীপত্র (المحتويات)


| | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| **প্রকাশকের কথা** | | ৪ |
| **প্রথম অধ্যায় :** | **হিফযুল হাদীছ** | ৫ |
| **দ্বিতীয় অধ্যায় :** | **দো'আ সমূহ** | ৮ |
| **তৃতীয় অধ্যায় :** | **আক্বাইদ** | ১৬ |
| | আল্লাহ | ১৬ |
| | মুহাম্মাদ (ছাঃ) | ১৮ |
| | চারটি কালেমা | ২০ |
| **চতুর্থ অধ্যায় :** | **ফিকহ** | ২২ |
| | ত্বহারাত | ২২ |
| | ওযূ | ২৩ |
| | গোসল | ২৬ |
| | তায়াম্মুম | ২৭ |
| | ছালাত | ২৮ |
| **পঞ্চম অধ্যায় :** | **আখলাক** | ৩০ |
| | সাক্ষাতের আদব | ৩০ |
| | খাদ্য গ্রহণের আদব | ৩২ |
| | পান করার আদব | ৩৪ |
| | পোশাক পরিধানের আদব | ৩৫ |
| | জুতা-স্যাণ্ডেল পরিধানের আদব | ৩৭ |

| | |
|---|---|
| দাঁত ও মুখ পরিষ্কারের আদব | ৩৮ |
| শ্রেণীকক্ষে পালনীয় আদব | ৩৯ |

بسم الله الرحمن الرحيم

# ভূমিকা

নাহ্মাদুহূ ওয়া নুছল্লী 'আলা রসূলিহিল কারীম । আম্মা বা'দ-

সন্তান-সন্ততি মানুষের দুনিয়াবী জীবনের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ । এই সম্পদকে সঠিকভাবে প্রতিপালন করা এবং তাকে নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন করে গড়ে তোলা একজন অভিভাবকের অবশ্য কর্তব্য । সেই সাথে সমাজ ও রাষ্ট্রের কর্ণধারদেরও দায়িত্ব ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করা । আমরা মুসলিম । এই পৃথিবীতে আমাদের আগমনের উদ্দেশ্য এক আল্লাহ্র ইবাদত করা । আর ইবাদতের জন্য প্রয়োজন সঠিক জ্ঞান ও নৈতিক শিক্ষা । শুধু তাই নয়, প্রাত্যহিক জীবনে চলার পথেও এর কোন বিকল্প নেই । সেই লক্ষ্যকে সামনে রেখে ছোট্ট সোনামণিদেরকে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আলোকে দ্বীনিয়াত শিক্ষা প্রদানের জন্য **'হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ'**-এর গবেষণা বিভাগ থেকে পুস্তিকাটি সংকলন করা হয়েছে । এটি বিভিন্ন মাদ্রাসা ও ইসলামী স্কুলের **১ম** শ্রেণীর পাঠ্য উপযোগী করে প্রণীত ।

আশা করি পুস্তিকাটি ছোট্ট সোনামণিদের প্রাথমিক দ্বীন শিক্ষার পথে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে । পুস্তিকাটি রচনা ও পরিমার্জনে যারা সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল কৃতজ্ঞতা । আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করুন এবং একে আমাদের নাজাতের অসীলা করুন-আমীন!

সচিব
হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

## প্রথম অধ্যায়

## হিফযুল হাদীছ

**১.** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

إِنَّمَا الأَعْمَالُ بِالنِّيَّاتِ

‘নিশ্চয়ই সমস্ত আমল নিয়তের উপরে নির্ভরশীল’ *(বুখারী হা/১)* *[বি. দ্র. কোন কাজ করার জন্য ইচ্ছা করাকে নিয়ত বলে]* ।

**২.** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

إِنَّ مِنْ خِيَارِكُمْ أَحْسَنَكُمْ أَخْلاَقًا

‘তোমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি সে-ই, যার চরিত্র সর্বোত্তম’ *(বুখারী হা/৩৫৫৯)* ।

**৩.** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

إِنَّ أَوْلَى النَّاسِ بِاللهِ مَنْ بَدَأَهُمْ بِالسَّلاَمِ

‘নিশ্চয়ই আল্লাহ্র নিকটে উত্তম সেই ব্যক্তি, যে প্রথমে সালাম দেয়’ *(আবূদাঊদ হা/৫১৯৭)* ।

**৪.** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

سِبَابُ الْمُسْلِمِ فُسُوْقٌ وَقِتَالُهُ كُفْرٌ

‘মুসলমানকে গালি দেওয়া পাপের কাজ ও তার সাথে যুদ্ধ করা কুফরী কাজ’ *(বুখারী হা/৪৮)*।

**৫.** রাসূলুল্লাহ (ছাঃ) বলেন,

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

‘তোমাদের মধ্যে সে-ই সর্বোত্তম, যে নিজে কুরআন শিক্ষা করে ও অপরকে শিক্ষা দেয়’ *(বুখারী হা/৫০২৭)*।



## অনুশীলনী

### ১. এক কথায় উত্তর দাও :

**(ক) নিয়ত অর্থ কী?**

**উত্তর :** ইচ্ছা করা।

**(খ) সমস্ত আমল কিসের উপরে নির্ভরশীল?**

**উত্তর :** নিয়তের উপর।

**(গ) আমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি কে?**

**উত্তর :** যার চরিত্র সর্বোত্তম।

**(ঘ) আল্লাহ্‌র নিকট উত্তম ব্যক্তি কে?**

**উত্তর :** যে প্রথমে সালাম দেয়।

**(ঙ) মুসলমানকে গালি দেওয়া কী?**

**উত্তর :** পাপের কাজ।

**(চ) মুসলমানদের সাথে যুদ্ধ করা কী?**

**উত্তর :** কুফরী কাজ।

**(ছ) কুফরী অর্থ কী?**

**উত্তর :** আল্লাহকে অস্বীকার করা।

**(জ) সর্বোত্তম ব্যক্তি কে?**

**উত্তর :** যে নিজে কুরআন শিক্ষা করে ও অপরকে শিক্ষা দেয়।

## দ্বিতীয় অধ্যায়

# দো'আ সমূহ

*[শিক্ষক-শিক্ষিকাগণ নিম্নোক্ত দো'আগুলো মুখস্থ করাবেন ও ছাত্রদের নিকট থেকে বারবার শুনবেন]*

সোনামণিরা! আমরা রাসূল (ছাঃ)-এর উম্মত। তিনি যে কাজ যেভাবে করে গেছেন, আমাদেরকেও সেভাবে করতে হবে। প্রতিদিন আমরা খাওয়া-দাওয়া, ঘুম, লেখাপড়া, আনন্দ-ফূর্তি কত কিছুই না করি! এ প্রয়োজনীয় কাজগুলো যদি আমরা রাসূল (ছাঃ)-এর পদ্ধতিতে দো'আ পড়ে করি, তাহলে আমাদের কাজটিও সুন্দর হবে, সাথে সাথে অনেক ছওয়াবও হবে। তাহলে চল সোনামণিরা! আমরা সব কাজই দো'আ পড়ার মাধ্যমে শুরু করি।

**১. লেখাপড়া শুরু করার দো'আ :**

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ– *(বিসমিল্লা-হির রহমা-নির রহীম)*

**অর্থ :** 'পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহ্‌র নামে (শুরু করছি)'।

**২. জ্ঞান বৃদ্ধির দো'আ :**

رَبِّ زِدْنِيْ عِلْمًا *(রব্বি ঝিদ্‌নী ইল্‌মা)*

**অর্থ :** 'হে প্রভু! আমার জ্ঞান বৃদ্ধি করে দাও' *(ত্বোয়াহা ১১৪)*।

رَبِّ اشْرَحْ لِيْ صَدْرِيْ وَيَسِّرْ لِيْ أَمْرِيْ وَاحْلُلْ عُقْدَةً مِنْ لِسَانِيْ يَفْقَهُوْا قَوْلِيْ-

*(রব্বিশরহ্‌লী ছদ্‌রী, ওয়া ইয়াসসিরলী আম্‌রী,*

*ওয়াহ্‌লুল উক্বদাতাম মিল লিসা-নী ইয়াফক্বহূ ক্বওলী)*

**অর্থ :** 'হে আমার প্রভু! আমার বক্ষ প্রশস্ত করে দাও। আমার করণীয় কাজ আমার জন্য সহজ করে দাও। আমার জিহ্বা থেকে জড়তা দূর করে দাও, যেন তারা আমার কথা বুঝতে পারে' *(ত্বোয়াহা ২০/২৫-২৮)*।

**৩. লেখাপড়া, বৈঠক বা কুরআন তেলাওয়াত শেষের দো'আ :**

سُبْحَانَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَّآ إِلٰهَ إِلاَّ أَنْتَ اَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ-

*(সুবহা-নাকা আল্ল-হুম্মা ওয়া বিহামদিকা, আশহাদু আল লা ইলা-হা ইল্লা আনতা, আস্তাগফিরুকা ওয়া আতূবু ইলাইকা)।*

**অর্থ :** 'মহা পবিত্র তুমি হে আল্লাহ! তোমার প্রশংসার সাথে আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ব্যতীত কোন উপাস্য নেই। আমি তোমার নিকটে ক্ষমা প্রার্থনা করছি এবং তোমার দিকেই ফিরে যাচ্ছি (বা তওবা করছি)'।

**৪. ঘুমের দো‘আ :**

❖ ঘুমানোর সময় ডান কাতে শুয়ে বলবে,

اَللّٰهُمَّ بِاسْمِكَ أَمُوْتُ وَأَحْيَا

*(আল্ল-হুম্মা বিসমিকা আমূতু ওয়া আহ্ইয়া)*

**অর্থ :** ‘হে আল্লাহ! তোমার নামে আমি মরি ও বাঁচি’। অর্থাৎ তোমার নামে আমি শয়ন করছি এবং তোমারই দয়ায় আমি পুনরায় জাগ্রত হব’।

❖ ঘুম থেকে ওঠার সময় বলবে,

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ أَحْيَانَا بَعْدَ مَا أَمَاتَنَا وَإِلَيْهِ النُّشُوْرُ

*(আল-হামদুলিল্লা-হিল্লাযী আহইয়া-না*

*বা‘দা মা আমা-তানা ওয়া ইলাইহিন নুশূর)*

**অর্থ :** ‘সমস্ত প্রশংসা সেই আল্লাহ্‌র জন্য, যিনি আমাদেরকে মৃত্যু দানের পর জীবিত করলেন এবং ক্বিয়ামতের দিন তাঁর দিকেই হবে আমাদের পুনরুত্থান’।

**৫. সালাম বিনিময়ের দো‘আ :**

❖ কাউকে সালাম দেওয়ার সময় বলবে,

اَلسَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ

*(আসসালা-মু আলায়কুম ওয়া রহমাতুল্ল-হ)*

**অর্থ :** ‘আপনার (বা আপনাদের) উপর শান্তি ও আল্লাহ্‌র অনুগ্রহ বর্ষিত হৌক’।

❖ সালামের জবাবে বলবে,

وَعَلَيْكُمُ السَّلاَمُ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ

*(ওয়া আলাইকুমুস সালা-মু ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকা-তুহ)*

**অর্থ :** 'আপনার (বা আপনাদের) উপরেও শান্তি এবং আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া বর্ষিত হৌক'।

**৬. সকাল-সন্ধ্যায় পঠিতব্য দো'আ :**

(১) بِسْمِ اللهِ الَّذِيْ لاَ يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلاَ فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ

*(বিস্‌মিল্লা-হিল্লাযী লা-ইয়াযুর্‌রু মা'আসমিহী শাইয়ুন ফিল্ আর্‌যি ওয়া লা ফিসসামা-ই ওয়া হুয়াস সামী'উল 'আলীম)* (৩ বার)।

**অর্থ :** 'আমি ঐ আল্লাহ্‌র নামে শুরু করছি, যাঁর নামে শুরু করলে আসমান ও যমীনের কোন বস্তুই কোনরূপ ক্ষতিসাধন করতে পারে না। তিনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ'।

(২) اَللّٰهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ عِلْمًا نَافِعًا وَعَمَلاً مُّتَقَبَّلاً وَرِزْقًا طَيِّباً–

*(আল্ল-হুম্মা ইন্নী আস'আলুকা 'ইলমান নাফি'আন, ওয়া 'আমালাম মুতাক্বাব্বালান, ওয়া রিঝক্বন ত্বইয়েবা)* (৩ বার)।

**অর্থ :** 'হে আল্লাহ! আমি তোমার নিকটে উপকারী জ্ঞান, কবুলযোগ্য আমল এবং পবিত্র রূযী প্রার্থনা করছি'।

**৭. কোথাও প্রবেশ বা বের হওয়া ও উঠা-নামার দো'আ :**

❖ ঘরে প্রবেশের সময় بِسْمِ اللّٰهِ *'বিসমিল্লা-হ'* বলবে এবং সালাম দিবে ।

❖ ঘর থেকে বের হওয়ার সময় বলবে,

بِسْمِ اللّٰهِ تَوَكَّلْتُ عَلَى اللّٰهِ وَلاَ حَوْلَ وَلاَ قُوَّةَ إِلاَّ بِاللّٰهِ–

*(বিসমিল্লা-হি তাওয়াক্কাল্‌তু 'আলাল্লা-হি ওয়ালা হাওলা ওয়ালা কুউওয়াতা ইল্লা বিল্লা-হ)* ।

**অর্থ :** 'আল্লাহ্‌র নামে (বের হচ্ছি), তাঁর উপরে ভরসা করছি । নেই কোন ক্ষমতা, নেই কোন শক্তি আল্লাহ ব্যতীত' ।

❖ উপরে উঠার সময় বলবে,

اَللّٰهُ أَكْبَرُ (আল্ল-হু আকবার)

**অর্থ :** 'আল্লাহ সবার চেয়ে বড়' ।

❖ নিচে নামার সময় বলবে,

سُبْحَانَ اللّٰهِ (সুবহা-নাল্ল-হ)

**অর্থ :** 'আমি আল্লাহ্‌র পবিত্রতা ঘোষণা করছি' ।

**৮. হাঁচির দো'আ :**

❖ হাঁচি দিলে বলবে,

اَلْحَمْدُ لِلّٰهِ *(আল-হামদুলিল্লা-হ)*

**অর্থ :** 'আল্লাহ্‌র জন্য যাবতীয় প্রশংসা' ।

❖ হাঁচির জবাবে বলবে,

يَرْحَمُكَ اللهُ *(ইয়ারহামুকাল্ল-হ)*

**অর্থ :** 'আল্লাহ আপনার প্রতি রহম করুন' ।

❖ হাঁচির জবাব শুনে বলবে,

يَهْدِيْكُمُ اللهُ وَيُصْلِحُ بَالَكُمْ

*(ইয়াহদীকুমুল্ল-হু ওয়া ইউছলিহু বা-লাকুম)*

**অর্থ :** 'আল্লাহ আপনাকে (বা আপনাদেরকে) হেদায়াত করুন এবং আপনার (বা আপনাদের) সংশোধন করুন' ।

**৯. খাওয়ার দো'আ :**

❖ খাওয়া শুরুতে বলবে,

بِسْمِ اللهِ *(বিসমিল্লা-হ)*

**অর্থ :** 'আল্লাহ্‌র নামে শুরু করছি' ।

❖ খাওয়া শেষে বলবে,

اَلْحَمْدُ لِلّٰهِ *(আল-হামদুলিল্লা-হ)*

**অর্থ :** 'সকল প্রশংসা আল্লাহ্‌র জন্য' ।

❖ অথবা বলবে,

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ أَطْعَمَنِىْ هٰذَا وَرَزَقَنِيْهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِّنِّىْ وَلَا قُوَّةٍ–

***উচ্চারণ :*** *আল-হামদু লিল্লা-হিল্লাযী আত্ব‘আমানী হা-যা ওয়া রযাক্বানীহি মিন্ গইরি হাওলিম্ মিন্নী ওয়া লা কুউওয়াতিন।*

**অর্থ :** ‘সেই আল্লাহ্‌র যাবতীয় প্রশংসা যিনি আমাকে পরিশ্রম ও প্রচেষ্টা ছাড়াই খাওয়ালেন ও রূযী দান করলেন’।

❖ কেউ তোমাকে আপ্যায়ন করালে তার জন্য বলবে,

اَللّٰهُمَّ أَطْعِمْ مَنْ أَطْعَمَنِيْ وَاسْقِ مَنْ سَقَانِيْ

*(আল্ল-হুম্মা আত্ব‘ইম মান আত্ব‘আমানী ওয়াসক্বি মান সাক্বা-নী)*

**অর্থ :** ‘হে আল্লাহ! তুমি তাকে খাওয়াও যিনি আমাকে খাইয়েছেন এবং তাকে পান করাও যিনি আমাকে পান করিয়েছেন’।

**১০. পেশাব-পায়খানার দো‘আ :**

❖ টয়লেটে প্রবেশকালে বলবে,

اَللّٰهُمَّ إِنِّىْ أَعُوْذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ

*(আল্ল-হুম্মা ইন্নী আ‘উযুবিকা মিনাল খুবুছে ওয়াল খবা-ইছ)*

**অর্থ :** ‘হে আল্লাহ! আমি পুরুষ ও মহিলা জিন (-এর অনিষ্টতা) হতে আপনার আশ্রয় প্রার্থনা করছি’।

❖ বের হওয়ার সময় বলবে,

غُفْرَانَكَ *(গুফর-নাকা)*

**অর্থ :** ‘হে আল্লাহ! আমি আপনার নিকটে ক্ষমা প্রার্থনা করছি’।